জঙ্গলে ঢাকা ছিল। বড় বড় বাঁশঝাড়, আম, কাঁঠাল,
শিমুল, শাল, গামার, শিশু গাছ ছিল। সেই সময়
সুপারি গাছ বেশি ছিল না।

সেই সময় টোটোরা কাউন চাম করে খেত। ভুট্টা, মাড়ুয়া চাম করে খেত। তা সত্ত্বেও
খাবারের অভাব ছিল। সকলে গরিব ছিল। পোষাকাদিও ভাল ছিল না। থাকা বসার
ব্যবস্থাগুলোও ভাল ছিল না। কিন্তু সেই সময় টোটোদের সুন্দর সুন্দর বাঁশ ও খড়ের
তৈরি দেংসা (নিজেদের তৈরি ঘর) ছিল। প্রতি ঘরের সামনে ডুই অর্থাৎ বাঁশের তৈরি
মাচাং থাকত। সিঁড়ি বেয়ে ওঠার সময় ধরার জন্য একটা বাঁশের দণ্ড (ওয়াদোই)
থাকত। মাচাং-এর উপরে থাকত একটা বাঁশের দণ্ড (পাডাং)। পাডাং-য়ে কাপড়,
ওদাল গাছের ছাল (দড়ি তৈরির জন্য) আর মাংস শুকানো হত।

সেই সময় লেখাপড়া জানা লোক বেশি ছিল না। টোটো ছেলেমেয়েরা সেইসময়
গ্রামের স্কুলে পড়াশোনা করছিল। কিছু ছেলেমেয়ে টোটোপাড়া থেকে অনেক দূরে
পড়াশোনা করছিল। সেই সময় টোটোদের মধ্যে পড়াশোনা জানা লোক বেশি না
থাকলেও বয়স্ক লোকদের মধ্যে কিছুটা নাম লিখতে জানা, বাংলা ভাষায় কথা বলতে
পারা লোক ছিল। তাঁদের মধ্যে ছিলেন দীনেশ টোটো (তখনকার গাপ্পু— মোড়ল),
আমেপা (পঞ্চায়েত), রমেশ, হরনা, হাবা, মঙ্গরা, হরকাসিং, রবি, সেতেরজী টোটো।

ছোটদের মধ্যে ছিলেন মুক্তারাম এবং অন্যান্য ছেলেমেয়েরা। এরই মধ্যে সর্ব প্রথম
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ থেকে মাধ্যমিক পাশ করা ব্যক্তি ছিলেন চিত্তরঞ্জন টোটো।
তিনি আর আজ আমাদের মধ্যে নেই। তাঁর বাড়ি টোটোপাড়ার বুদ্ধু-তে (বর্তমানে পুজা
গাঁও)। তাঁর পুরানো কাঠের বাড়ি এখনও রয়েছে। তাঁর বাবার নাম অংজে। মায়ের নাম

দিংতাংমা। চিত্তরঞ্জনের ছোট বোনের ডাকনাম ছিল চেপ্টে। তাঁকে সবাই ওই নামেই চিনত। চিত্তরঞ্জন এক গরিব পরিবারের লোক ছিলেন।

চিত্তরঞ্জন ছোটবেলা থেকে ঠিক মতো পড়াশোনার সুযোগ পাননি। প্রতি বছর পরীক্ষাও ঠিকমতো দিতে পারতেন না। পড়াশোনার মাঝে মাঝে স্কুলও ছাড়তে হত। তবুও বহু কষ্টের মধ্যে ধীরে ধীরে পড়াশোনা চালিয়ে এসেছে।

১৯৭৯ সালে সিঙ্গিমারী হাইস্কুল (রামপুর, তুফানগঞ্জ, কোচবিহার) থেকে মাধ্যমিক পাশ করেন। সেই সময় তিনি রামপুর মিশন হোস্টেলে থেকে পড়াশোনা করছিলেন। চিত্তরঞ্জন মাধ্যমিক পাশ করেছে জেনে সেই সময় টোটোরা খুবই খুশিতে ভরে গিয়েছিল। তখন মনে হয়েছিল যে নতুন সূর্যের উদয় হয়েছে, অন্ধকারের মধ্যে যেন আলো দেখা গেল। টোটোরা জনসংখ্যায় অল্প হলেও পড়াশোনা শিখছে বলে সবাই জানতে পারল। এর সাথে সাথে টোটোদের সমাজে একটা ইতিহাসের সূচনা হল। সেই সময় থেকে টোটো ছেলেমেয়েদের মধ্যে লেখাপড়ার সংখ্যা বাড়তে লাগল।

তিনি ১৯৭২ সালে টোটোপাড়া বি এফ পি প্রাইমারি স্কুল থেকে ক্লাস ফোর পাশ করেন। ১৯৭৩ সালের জানুয়ারি মাসে মাননীয় হেরেন্দ্রনাথ মানখীন তাঁকে ক্লাস ফাইভে ভর্তি করার জন্য জমাদার বোস-এ নিয়ে যান। তাঁর সাথে শ্রী সুগ্রীব টোটো (বর্তমান মোড়ল)-কেও ভর্তির জন্য নিয়ে গিয়েছিলেন।



জমাদার বোস জায়গাটি টোটোপাড়া থেকে বহু দূরে। হাসিমারা, আলিপুরদুয়ার, কোচবিহার, দিনহাটা, পেটলা ছেড়ে বহুদূর পায়ে হেঁটে পৌঁছতে হত। সেই সময় সেখানেও যানবাহনের সুবিধা ছিল না। রিক্সা ছিল, কিন্তু ভাড়া বেশি পড়ে যেত।

চিত্তরঞ্জন জমাদার বোস বয়েজ হোস্টেলে থেকে ক্লাস ফাইভ থেকে ক্লাস

এইট (১৯৭৩-১৯৭৬) পর্যন্ত জমাদার বোস জুনিয়র হাইস্কুলে পড়াশোনা করেন। ১৯৭৭ সালে তখনকার লুথারেন চার্চের মুখ্য ইনচার্জ মাননীয় জেমস পোল মহাশয়ের সাথে টোটোপাড়া থেকে মাননীয় হেরেন্দ্রনাথ মানখীন এবং রামপুর ইন্সট মিশন থেকে মাননীয় প্রমোদ নাথ চিসিম মহাশয় আলোচনার পর তাঁকে সিঙ্গিমারী হাইস্কুলে নবম শ্রেণিতে ভর্তি করা হয়। সেই সময় মাননীয় প্রমোদ চিসিমের বাড়িতে রেখে পড়ানোর ব্যবস্থা করা হয়। ঐ বাড়ির সবার ভালবাসা এবং ঐ এলাকাবাসীর সবার ভাল ব্যবহার পেয়ে তাঁর পক্ষে সুবিধা হয়েছিল।

তারপর ১৯৭৯ সালে মাধ্যমিক পাশ করার পর ঐ একই স্কুলে একাদশ শ্রেণিতে ভর্তি হন। একাদশ পাশ করার পর দ্বাদশ শ্রেণিতে (১৯৮০ সালে) পড়াশোনা চলাকালীন তিনি

অসুখে পড়ে যান। অসুখের জন্য তিনি ঠিকমতো পড়াশোনার সুযোগ পান নি। ১৯৮২ সালে দ্বাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষাও তিনি দিতে পারেননি। ১৯৮২ সালে যখন দ্বাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা দেওয়ার দেওয়ার কথা ছিল, তাঁর অসুখ ভাল না হওয়ায় তিনি তখনও ওমুখ খাচ্ছিলেন। তাঁর অসুখ সারানোর জন্য, ভাল চিকিৎসা করানোর জন্য স্কুলের শিক্ষকরা অনেক চেষ্টা করেছিলেন। স্কুলের সরকারি হোস্টেল থেকে প্রমোদ চিসিমের বাড়িতে নিয়ে গিয়েও তাঁর চিকিৎসার ব্যবস্থা করা হয়েছিল। প্রমোদ চিসিমের বাড়ি থেকে কোচবিহারে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করা হয়েছিল, কিন্তু তিনি রাজি না হওয়াতে তাঁকে নিয়ে যাওয়া সম্ভব হয়নি। ধীরে ধীরে তাঁর অসুখ বাড়তে থাকে। তাঁকে বাড়িতে নিয়ে আসা হয়। ওমুখপত্রের ঠিকমতো ব্যবস্থা হয়নি। এদিকে ১৯৮২ সালের দ্বাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা দেওয়াও সম্ভব হয়নি। বাড়িতে চিকিৎসা চলাকালীনও মাননীয় হেরেনবাবু ও সরোজকুমার চিসিম কোচবিহারে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করেছিলেন, কিন্তু তখনও সম্ভব হয়নি। তারপর তাঁর শারীরিক অবস্থা খারাপ হতে থাকে এবং ১৯৮২ সালের জুন মাসের ১৯ তারিখে তিনি মারা যান। টোটোটাদের সবাইকে কাঁদিয়ে তিনি চলে যান।

তিনি বন্ধুবান্ধবদের সাথেও মিলেমিশে থাকতেন। ক্লাসের পাঠ্যপুস্তক ছাড়াও তিনি গল্পের বই পড়তেন। ফুটবল, ভলিবল, ক্যারামবোর্ড খেলতেন। ছুটিতে বাড়িতে আসলে জমিতে বাবা-মা-কে কাজে সাহায্য করতেন। স্কুলের শিক্ষকরাও তাঁকে ভালবাসতেন। অন্যান্য সবাই তাঁকে খুব ভালবাসত।

চিত্তরঞ্জনের অকালমৃত্যুতে টোটোসমাজের অনেক ক্ষতি হয়েছে। সেই সময় রাস্তাঘাট ছিল না। হাসপাতাল ছিল না। মন্বতন্ত্র ও পুজো দেওয়া হত। তাই সেই সময় বিনা চিকিৎসায় লোকজনের মৃত্যু হত।

চিত্তরঞ্জনের পড়াশোনার পিছনে আমাদের গ্রামের বিশিষ্ট ব্যক্তিগণের হাত ছিল। প্রাইমারি স্কুলে পড়াশোনার সময় নিজের সন্তানের মতো বাড়িতে রেখে পড়িয়েছিলেন মাননীয় দীনেশ টোটো, ধর্মপ্রসাদ শর্মা। মাননীয় সন্তোষ ভট্টাচার্য যথেষ্ট সবযোগিতা করেছিলেন। চিত্তরঞ্জন একজন টোটোটাদের সূর্য। তাঁকে কোনওদিন হৃদয় থেকে ভোলা যাবে না।

চিত্তরঞ্জনের পাঁচ ভাইবোন ছিলেন। বিকাশ, ধুনীরাম, নোইতেং আর লিঙ্কে। বর্তমানে তিনভাই রয়েছে। দুই বোনের মধ্যে বর্তমানে এক বোন রয়েছে।

চিত্তরঞ্জন টোটোর নামে একটা প্রাইভেট ইংরাজি স্কুল— চিত্তরঞ্জন টোটো মেমোরিয়াল এডুকেশন সেন্টার— টোটোপাড়ায় স্থাপিত হয়েছে। এখানকার শিক্ষকরাই সেখানে পড়াচ্ছেন। এখানকার গ্রামের ছেলেমেয়েরাই পড়াশোনা করছে। চিত্তরঞ্জন টোটো সবার হৃদয়ে অমর থাকুক।

সেংজা সনজা

ধনীরাম টোটো

সৌনা সো সংসারি তাওয়া টোটবি কো লোইতা যুঙমেহে। আবিহা হড়কা হড়কি জিঙকোওয়া মংটো তায়ুঙমেহে। জেয়োং মিওয়া আটা আজা সো নিমসা জেয়োং মিমহে মাঘ ফাল্লুন তা আবিহা চুঙচা জাদিং ডিমসা মংটোতা সেঙপামি হে। আসা চৈত্র তারিতা আকু সাম্যা সেঙপুনা চুঙচাঙমি হে আসা আকু মে চাওয়াঙ পুনা চেকা কো তোইতা জেয়োঙ নিঙনাহে। মে সো ওয়া আকতা নিওয়া সাম্যা সুতি পোইপিচাঙ মেহে। পোইপিনুহা জেয়োঙ সেনেপা উইদাং দেনা হে। জেয়োঙ মিঙপুনা হে আসা জেয়োঙকো সেবে রে ওয়ারাঙ মিহে। আবিহা নিসো সা তুঙসিঙ সো যাঙতানা হে। ইয়ঙকো কোইচ্যাওয়া আজিপারাঙ এঙকোইনা তানাহে। এসে কোইচ্যানে আবিহিঙ হাঙপা তানাহা নেহা আবি ওয়ারাং মেরেংওয়াতা দেয়োঙতেহে নানাই তাইব্যাপা কোইচ্যা কোইমি আসা নানাইকো তাইব্যাপা জুপাতা সে রে মোতা পা জিংপু। আদোরাঙ মিসিচেয়া জেয়োং কোঙনেরো আদো কিবিহা যাঙতামি। জেয়োং মি এংতাপিনা কেয়োঙ তুঙসিঙ যাঙতারো। আপেনুসো আবিহা আয়ু আপা হিঙপা এপাংজোমসারাঙ দেমি। আবিহা মিঙতেওয়া জেয়োঙ সেতা য়োমসো এমি আকুহিঙ শুমসা ইউ গামি। আকুরামা নানাই সেংজা হিঙ সিংহো হুইমি। এপা জোওয়া ইয়ঙকো আটা আজা সোরাঙ মুঙপাওয়া। সা ইউ হা কাঙদুঙতি জোরা কো আবে মংটোতা সৌনা সো সংসারি জেয়োং মিকো মংটো কামসা ডি কো হানা হে। হিমিসিঙ চুঙচা জাদিং ডি না হে। আসো হা চৈত্র তারিতা সোংতেওয়া চুঙচা হিঙ মে চুঙনা হেঁ। তাংসা চুঙচা অঙপুনতেনা আবি সেতা নাকানা হে। জুকুঙহা জেয়োঙ মিনেহে তানাহে। সৌনা লিসুঙ মাইবুনাহে। সৌনাকা নাবকো সেংজা হিসপা। নোকো কোইচ্যা ওয়া তিঙমসা কা আজি পারাঙ তুঙসিঙ সো যাঙতানা। কা নাতিহিঙ চুবে ইচো অঙতি পিচারোওয়া তানাহে। নোকো জেয়োঙ মিদাঙওয়া মংটোকো আবেতা মো দোরোওয়া তানাহে। আকো মিঙ হা সনজা। কুঙ মিঙ তাইবা মি আকু অঙতিকো মিঙ তানা হে। আকু সনজা নাতি নোকো জেয়োঙ মিওয়া আবে আবে তিঙচা। সনজাহা এপজিঙওয়া অঙতিগা তোইতা মোঅঙ সরোওয়া। পাইকোতা সনজা সরোওয়া। আসা লিতা ব্যাথারু সরোওয়া তানাহে ই অঙতি হাঙসুরে নোমকোইওয়া অঙতিগা নোকো কোইচ্যাওয়া তিঙমসারাং কা ই অঙতি নাতি হিঙ পিচামিগা ওয়াঙরাং পুনতেদো কোইচ্যামি তামসা। আকো জুকুঙ সৌনা সো সংসারী তাইবিকো কাঙদুঙতি তা নিওয়া মংটোতা হানা হে। আকতা দেকানতানি লিসুঙ ক্যে মাইমবুইওয়া প্যারা তাঙনা হে ? আজিপা মে আজাপা মে তামসা জেয়োঙ মিরো তাওয়া মংটো আবে আবে মোনাহে। আজি পারাঙ সনজা তাওয়া অঙতি ইতা নিমকো আসা সৌনা মে হিঙ মোইনা ও-ইতা কাঙকো লেগে। ইয়ঙকো সেংজা

ইয়াঙবিহিঙ চুবে অঙতি পিচামি কা আঙজি লিসুঙ মাইবুমি কা নাতিহিঙ মাজাংমি পায়াঙ মে আজিপা মে তামসা আকো সোতা কা নাতিহিঙ হাবু সেনেপা পারামি তানাহে। কুঙ মাইবুওয়া আজিপা জিঙচোইনা কা আজিপারাঙ তুঙসিঙ সো যাঙতানা। সনজা মিমসা তাংসা টোটবি কো সেতা চাকো মেতেঙ পা-মিজিংনাহে। তাংসা জাঙসুনাহে ইতেঙ সিঙতেঙ তারাঙ শুঙচো চাদি মুঙদিঙ তানা হে। লো দিনিঙ নানিঙ তারাঙ তাংসা সেতারাঙ সনজা মাইনা হে। আদো টোটবি বিহা তেইসারা কো মোঅঙ। লিসারাকো ব্যাথারু। মেংচে সিয়োপা চামে হে। পাইকোকো সনজা হিঙ এংতাপা ম্যোএনেমিহে। আস্যোএ আস্যোএ যাইমসা ইতা উতা এইপুচাঙমি হে। সনজা নোনা হে-সাইউ কাহিং সেংজা আপা টোটবিকো হিমিসিঙ কোইচ্যাওয়া তিমসা কাহিঙ জেয়োঙ কো ব্যারো জিঙচাকো তামসা নেঙপুমি হিনিহা কা তিঙদিঙ ইবিহা তেইসারাকো মোঅঙ। লিসারাকো ব্যাথারু মেংচে চাদিং কা পাইকোএকো সনজা হাঙসুরে মোএনে। সেদাঙ তুঙসিঙ চিচপুমসা সনজা সো আকো মে জাঙনাহে। ইয়াঙবি ই টোটবিকো লোই-হুইতেমসা হাপুরো তানা হে। আসা লিসুঙ আবিহা মুটি তা দেকানাহে। মুটি কো আরিতা দেকামসা আবিহা মাঝি হিঙ মোইনা হে। লিসুঙপিসুঙ হাঙসু মোইমে তামসা মাঝি লো-না হে লোম্যা কাঙনুহা মাঝিহা আআঙপেচপুনা হে। আকতা সনজা নিসো জামি নিমে হে। আবি জাঙনাহে কাবিহিঙ নুবাই ঝোড়া তাইপাপি তানাহে। ওয়া সনজা হিঙ মাঝি হুইনাহে হাঙপা নুবাই হাকোগাসা। সনজা ওয়া সো মে সো জাঙন হে। টোটবি লোইতা টোটবিকো আবেতা কাবিহা হাইরে মোকো পা জিঙপুনা তানা হে। আবি হা মোঅঙকো আমা সো ব্যাথারু তাতামি কা সনজা হিঙ হাঙসুরে মোনেইমি। মাঝি আবিহিঙ নুবাই সাপুনা হে। আকে সোতা ইয়ঙকো লোইতা সনজা হুইমিগা আদো নানাইকো তাইব্যাপা মিজিংমি।



সেংজা সনজা ধনীরাম টোটো


সৌনা ও সংসারী টোটো টোটোপাড়ায় বাস করত। টোটোপাড়ার আনাচে কানাচে ঘুরে বেড়াত, বুম প্রথায় কাউন চাষ করত। বুম চাষ প্রথায় কাউন চাষ হতো মাঘ-ফাল্গুন মাসে। ছোট ছোট লতাগুল্ম ঝাড়জঙ্গল কেটে জঙ্গল পরিষ্কার করে জমিতে ছড়িয়ে শুকিয়ে রাখত। তারপর চৈত্র মাসে ওই জমিতে আগুন জ্বালিয়ে দিত। ঝাড়জঙ্গল পুড়িয়ে ছাইয়ের উপর কাউনের বীজ ছড়িয়ে দিত। বৈশাখ মাসে অল্প বৃষ্টিতে কাউনের বীজ থেকে চারা ফুটে উঠত। স্বামী-স্ত্রী দুজনে মিলে কাউনের ক্ষেতে আগাছা পরিষ্কার করে দিত। এরপর কাউনের চারা তরতর করে বেড়ে উঠত। কাউনের গাছ বড় হলে গাছ থেকে কাউনের শিস বের হয়ে আসে। তাদের মন ভরে ওঠে আনন্দে। তাদের পরিশ্রম সার্থক হয়ে ওঠে। কত কষ্ট, কত পরিশ্রম তাদের করতে হয়। এখন তো তারা বুড়ো বুড়ি হয়ে গেছে। আগের মতো আর শরীরে জোর নেই। তবুও বেঁচে থাকতে কাউন চাষ করতে হয়। এতেই তাদের আনন্দ। কাউনের ফসল ভালো হলে তাদের মন খুশিতে ভরে ওঠে। ছোটবেলা থেকেই বাবা-মা-র সঙ্গে তারা চাষ করে আসছে। তারা কাউনের ফসল তুলে তার দানা থেকে হাঁড়িয়া বের করত। প্রথমে তা সেংজা দেবতাকে নিবেদন করত। এই প্রথা পরম্পরা হিসাবে চলে আসছে। একদিন হাউরি নদীর এলাকায় সৌনা ও সংসারী কাউন চাষের জন্য জমি তৈরি করতে যায়। সারাদিন তারা ঝোপঝাড় পরিষ্কার করে। তারপর একদিন চৈত্র মাসে ঝাড়ঝোপে আগুন দেয়। সমস্ত ঝাড়ঝোপ পুড়িয়ে তারা ঘরে ফিরে আসে। পরদিন কাউন বীজ ফেলতে হবে। সৌনা রাতে স্বপ্ন দেখল। স্বপ্নে তাকে বলল, “সৌনা, আমি সেংজা তোমাদের দেবতা। তোমার কাজকর্ম দেখে খুব খুশি হয়েছি। তোমাকে আরো নতুন ফসল দান করলাম। জমির কাছে খুঁজে দেখ। ঠিক খুঁজে পাবে। তার নাম সনজা, মানে আমার নামের সাথে সমান সেংজা এবং সনজা। তুমি সনজার বীজ তোমার কাউনের পাশে রোপণ করে দিও। সনজার বীজে গাছ হলে তার উপরিভাগে ধানের বীজ হবে, মধ্যখানে সনজার ফসল, আর নিচে গোড়ায় আলু ফল। এমন আশ্চর্য ফল তোমাকে দিলাম। তোমার সংকর্ম ও বৃদ্ধ বয়সে কাজ করতে দেখে খুব খুশি হয়েছি।” পরদিন সৌনা আর সংসারী হাউরি নদী এলাকায় কাউনের জমিতে যায়। স্বপ্ন সত্যি কিনা পরখ করার জন্য সৌনা ফসল কোথায় খুঁজে বেড়ায়। সত্যি সত্যিই কাউনের জন্য তৈরি করা জমিতে সনজা নামের ফসল দেখতে পায়। সৌনা বলে ওঠে, “ওগো শুনছ, এসে দেখে যাও। আমাদের দেবতা

সেংজা সত্যিই নতুন ফসল আমাকে দান করেছে। কাল গভীর রাতে স্বপ্ন দেখেছিলাম। তোমাকে সত্যি মিথ্যা যাচাই করার আগে বলিনি। আজ তোমাকে নিয়ে তাই তাড়াতাড়ি এসেছিলাম। স্বপ্ন সত্যি হলো, বাস্তব হলো। কী আনন্দ!” এরপর এই সনজা বীজ থেকে অসংখ্য টোটোদের ঘর পূর্ণ হয়ে উঠল। কয়েক বছরের মধ্যে টোটোদের ঘর থেকে দারিদ্র্য মুছে গেল। সনজার উপরিভাগে ধান, মধ্যখানে ফল, গোড়ায় আলু। আহারে, একই গাছে তিনরকম ফসল। কিন্তু টোটোরা সনজার উপরিভাগের ধান আর গোড়ার দিকের আলু সংগ্রহ করত, কিন্তু মাঝের সনজা ফসলকে গুরুত্ব দিত না। যেমন তেমন করে সনজা ফসল তুলে বাড়িতে রেখে দিত অবজ্ঞা করে। সনজা একদিন বলল, “একদিন আমাকে সেংজা দেবতা টোটোদের দুঃখকষ্ট দেখে আমাকে কাউনের সাথে ফসল হিসাবে পাঠিয়েছিল। আজ দেখছি এরা আমার উপরিভাগের ধান সংগ্রহ করে, গোড়ার আলু সংগ্রহ করে আর মধ্যভাগের আমাকেই অবজ্ঞা করে!” রাগে দুঃখে সনজা স্বামী-স্ত্রী মিলে ঠিক করল যে টোটোপাড়া ছেড়ে চলে যাবে। তারা বেরিয়েও পড়ল। গভীর রাতে তোর্ষা নদীতে পৌঁছাল। নদীর ঘাটে গিয়ে মাঝিকে ডাক দিয়ে বলল, “ও মাঝি, আমাদের তোর্ষা নদী পার করে দাও।” এত গভীর রাতে কে ডাকল দেখতে উঠে এল মাঝি। এসে অবাক হয়ে দেখল যে দুটো ভুট্টা দাঁড়িয়ে আছে, যারা বলছে যে তারা ওপারে যেতে চায়। মাঝি জিজ্ঞাসা করল, “কেন গো তোমরা ওপারে যেতে চাও?” ভুট্টা স্বামী-স্ত্রী বলল, “টোটোপাড়ায় টোটোদের কাছে আমাদের কদর নেই। ওরা ধান আর আলু খেতে ভালোবাসে, ভুট্টার দানা কেউ খেতে চায় না।” মাঝি ভুট্টা স্বামী-স্ত্রীকে নৌকা করে পার করে দিল। এরপর থেকে টোটোপাড়ায় ভুট্টা চাষ হলেও ভালো ফসল হয় না।



লারিম তুরোওয়া গৌরব টোটো

কা টোটবি মালারিওরো আজোইকো
মালারিওরো লেদি লেকো
হাসে তানাও য়ুওনেদো লারিমকোইরো
জেজেওকোইওয়া কুও লোই হিও
ঝোডোজোতি কো প্যাকোতা য়াইগএ কো লিতা
জেজেওকোইওয়া কুও লোই
জেজেওমিকা আটা আজাকো জিপাতেওয়া
ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ
লারিমতুরো ওওরো পুমসা কুকুকো সেতা হোওয়া
লেরেমতুরো দেমসাতা হোকো
লেরেমতুরো ইয়ওকো ক্যা য়োএকো
লেরেমতুরো স্কুল হাকো
লাকো জিকো পড়াইয়াকো



ভোলা যায় না
গৌরব টোটো

আমি টোটো, আমি ভুলব না আজোইকো^১
ভুলব না গান গাইতে
যত দূরে থাকি ভোলা যায় না
আমার ভালোবাসার গ্রামকে
নদীনালায় মাঝে পাহাড়ের নিচে
সুন্দর আমার গ্রাম
ভালোবাসি ঠাকুরদা ঠাকুমার শেখানো
রীতি সংস্কৃতি
ভোলা যায় না কলাপাতায় ভাত নিয়ে মামার বাড়ি যাওয়া^২
ভোলা যায় না দেমসায়^৩ যাওয়া
ভোলা যায় না আমাদের ভাষা বলতে
ভোলা যায় না স্কুলে যাওয়া
লিখতে শিখতে পড়তে

- ১। আজোইকো— টোটোটাদের পরম্পরাগত পোষাক।
- ২। কলাপাতায় ভাত নিয়ে মামার বাড়ি যাওয়া— টোটোটাদের বাৎসরিক অনুষ্ঠান।
- ৩। দেমসা— দেবতা সেংজার উপাসনাঘর।

লোই

সত্যজিৎ টোটে

ইয়ঙকো লোইতা ইয়ঙকো টোটবিহিঙ সরকার সো ই ও পিচামিগা তামসা তাংসারাঙ গেমগা। আদো ইয়াঙবি উইসেরাঙ মেগেমি হাতরং ওয়াঙমে হাঙসুঙ হিঙ পিচপুনতেমে নোইতা মেংচে হিঙচাঙ বারবাই মুঙবি কানেঙ কানেঙ মুঙ মুমুঙবি ইকেইরে মুমুঙচা। ইয়ঙকো টোটবি জ্যা তা পারাইওয়া উইসে নিয়ো আকু বারবি হাঙ নোএমসা লাচোরোইচাঙমে। জেঙজেঙমসা আপনি কো দিয়া কাঙমসা মিঙ লাকো মা মুতুনেকো কুঙ নোদিতা। ইয়ঙকো লোইকো কেইওয়া বারবিরাঙ এপা জিঙনাহা মোকেইবিহা হাঙসোকোতা হাকোওয়া। নে ইয়াঙবি এসেচিঙনুঙরাঙ ইচো তুঙসিঙ ইচো নোওয়া জিঙকো মুচুনাহা নোইতা ইয়ঙকো জ্যা উইসে জিংপুনা হাঙ জিংকোওয়া ? আকো সোতা পারাইওয়া টোটবি বারবিহিঙ! লোইকো মাটা বারবি হাঙসু সরকারসো ইও ওয়াংনু মিঙ লাচাঙওয়া বারবিহিঙ কা পাচাইরোওয়া। মিঙ লাদাংনু সাকো সিরিতা গামসা চেকেপা মালাপা লোইতা কেইমসা লাপিকো। হাঙসু হাসে ইকেই সরকার সো মুঙনেওয়া মুঙতেমে। মুঙসারে সা চোপামে মোচামে হাঙসু ইন্দিরা আবাস সো হাসে ইকেই মুঙতেমে। B.C.W.-সো হাঙ হাঙ মুঙতেমে। গীতাঞ্জলি সো সা পিচচাঙওয়া মুঙতেমে মুমুঙইয়াংমে। G.P. সো হাঙ হাঙ মুঙতেমে। আকু তাংসা কাঙমসা মিঙ লানাহা তাংসা টোটবি ইয়াংতারোওয়া। বারবাই ইয়ঙকো জ্যা আস্যোএ চিঙমিগা ইয়াঙবি গেওয়া পারাইওয়া, আবি হিঙপা তানাঙ যুঙপুনাহা আবি হাংতা হাকো গা। আকো সোতা বারবাই কেইওয়া মোকেইওয়া আবে টেবো তাংসাহিঙ এংতাপা জোনেরোওয়া। ইয়াঙবি নানাই ইচো নিমগা ইচোরাঙ যুঙনেরোওয়া। এপা জোমসা মেংচে ইয়াঙবি টোটবি তাংসা হিঙ ইচো তুঙসিঙ ইচো নোদি জোপাকো চুরোওয়া। আকো সোতা হাঙ হাঙ জোনেকো—

- ১। হাঙসুরামা নানাই আপেবিহিং তুংসিং মিচিচপা।
- ২। টেবো জিংইমসা নোকো তেইতা সেদাংপারোওয়া।
- ৩। হাতরংদো জ্যা হিঙপা য়ুকো জিপানোরোওয়া।
- ৪। তুংসিঙ চিচপুনাইটা ইয়াঙকো চুরোওয়া।
- ৫। নোইতা দোসরা ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ তা হোকোরোওয়া।
- ৬। আকো সোতা আপে টেবো তাংসাহিঙ আবেতাএনেরো।
- ৭। তাংসা আপেবিকো নামুতা টোটবি ক্যা এপিনোরোওয়া।
- ৮। টোটবি পোজা মেমেবিহিঙ দেমসাতা ওয়াঙকো সেতিঙনেরোওয়া।
- ৯। পোজা মেমে তাংসা আইতাবারে দেমসাতা জোঙচাঙনেরোওয়া আসো মেঙচে পারাইওয়া বারবি সো হিঙচা কেইচা মুঙরোওয়া।

১০। আপেবিহিঙ লাওয়া পরাইওয়া তারে নানাই গোএপানেরোওয়া।

১১। লাওয়াপরাইওয়া নিনাহা ইয়ঙকো মুঙকোনিওয়া হাঙসুরে গিঙকো মুচুরো।

বাংলা রূপান্তর

গ্রাম

সত্যজিৎ টোটো

আমাদের গ্রামে টোটোদের সরকার অনেক কিছু দেয় বলে সবাই জানে। কিন্তু আমরাই অনেকজন জানি না কী এসেছিল, কবে এসেছিল, কাকে দিয়েছিল। অনেক পরে শোনা যায়। যে বন্ধুরা পাচ্ছে তারা বারবার পাচ্ছে, যারা পায়না তারা একবারও পায়না। আমাদের টোটোদের মধ্যে অনেকজন শিক্ষিত আছেন। ওনারা কী দেখে নাম লেখেন? বেছে বেছে নিজের আত্মীয়র নাম লেখা নিশ্চয়ই ঠিক নয়। আমাদের গ্রামের শিক্ষিত বন্ধুরাই এরকম করলে অশিক্ষিত টোটোর কার কাছে যাবে। আমাদের এখন এটুকু জনসংখ্যা, আমরা যদি এক মন এক ভাবনা না হতে পারি, তাহলে আমাদের জাতি যখন অনেকজন হয়ে যাবে তখন কী দুর্দশাই না হবে! সেজন্যই গ্রামের যে শিক্ষিত বন্ধুরা ও নেতা বন্ধুরা যারা লোকের নাম লেখেন, তাদের কাছে আমার কিছু অনুরোধ আছে। নাম লেখার সময় বাড়ির ভিতরে বসে না লিখে গ্রাম ঘুরে ঘুরে লিখবেন। দেখবেন কে কতবার সরকার থেকে প্রাপ্য পাওনা পেয়েও ঘর বানাচ্ছে না বা বানায়নি, ইন্দিরা আবাস কতবার পেয়েছে, বি সি ডবলু হতে কী কী পেয়েছে, গীতাঞ্জলি থেকে দেওয়া ঘর পেয়েছে কি না, জি পি থেকে কী পেয়েছে। এগুলো সব দেখে নাম লিখলে টোটোরা সন্তুষ্ট থাকবে। বন্ধু আমাদের জাতিতে শিক্ষিত বুঝদার লোক কম আছে। কিন্তু যারা বোঝে না তাদের দূরে সরিয়ে দিলে তারা কোথায় যাবে? তার জন্যই বন্ধুরা আগে আমরা এক ছিলাম, এখনও এক থাকব। শিক্ষিত অশিক্ষিত ছোট বড় সবাইকে ভালোবাসব। তবেই আমরা টোটোরা সবাই এক মন এক চিন্তাধারায় আসতে পারব। তারজন্য আমাদের যা করা উচিত—

- ১। সর্বপ্রথম বাচ্চাদের মনে আঘাত দেবেন না।
- ২। বড় হয়ে তাদের মনে যেন ক্ষোভ না থাকে।
- ৩। সবসময় জাতির মানুষদের সঙ্গে থেকে শেখাতে হবে।
- ৪। মনে আঘাত পেলে যে কেউ দিশাহারা হতে পারে।

- ৫। ফলে অন্য ধর্ম গ্রহণ করতে পারে।
- ৬। তাই বালক-যুবক সবাইকে কাছে রাখতে হবে।
- ৭। সব শিশুর মুখে টোটো ভাষা রেখে দিতে হবে।
- ৮। টোটো যুবক-যুবতীদের দেমসা-য় আসতে আকর্ষণ করতে হবে।
- ৯। যুবক-যুবতীদের নিয়ে প্রতি রবিবার দেমসায় আলাপ-আলোচনায় বসতে হবে যাতে শিক্ষিত বন্ধুদের কাছ থেকে তারা বুঝতে শিখতে পারে।
- ১০। বাচ্চাদের লেখাপড়াতেও এগোতে হবে।
- ১১। লেখাপড়া থাকলে কেউ আমাদের অধিকার কেড়ে নিতে পারবে না।



দেমসা

আতোইজওয়া দেবেং

জিরোঙ ইয়ঙকো লোইকো প্রাইমারি স্কুলকো লাআঙ জোঙসুমি সঞ্জিত টোটো সেতিঙওয়াতা ইয়ঙকো লোইকো টোটবিতা গ্রাজুয়েট জোওয়া হাংপা জোঙসুমিগা আআপনি কো ল্যোএচ্যোএ হিঙ মেনেলেঙে তামসসা। জোঙওয়া উইসে দিয়া নিমি নেপারবি টোটবি-মুদিবি-আবি তাংসা ইচো ইচো নুআঙ জাঙনা আজিপারা এঙতাওয়া নোদী ই হা।

গারানি।

২৩।১১।২০১৮

নেহা ইয়ঙকো দেমসাতা আইতাবারে আইতাবারে জোঙমিগা তামসা তাংসা গেমগা। আদো দিয়া হাঙপা সিয়োপা মোহো চাঙমে। কিবি তাংসা টোটবি বারবি হিঙ পাচাইরোওয়া দেমসা ওয়াঙকো তামসা। ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ এরো।

গারানি।

বারবাই ইয়াঙবি ইয়ঙকো দেমসাতা জোঙচাঙমি সাইসুওয়া চুইবা নেপারবি মে লাবুপুওয়া তাবা উইসে নুওয়াঙ ইয়াঙবি যোএসচাঙমি ইকো ওকো। আদো ইয়াঙবিহা ইচো নুওয়াঙ মোয়েসচাঙমি আকুহা-টোটবি আপেবি পারাই দিংহে জোরোঙবিকোরে পুপুকো চেঙবিরে। জোরোঙওয়া চেঙবি এঙতাপা লেপা নিদো উইসে পারাই পাকো মুচুমসা প্যাকোতা ল্যানেচাঙমি। হাঙপাগা? হাঙপাল্যানেমে তামসা ইয়াঙবি হাতরঙরে মোয়েসুমগা হিগা চোইকো নাস্যা মাতামসা ল্যাপুমে কি সেতা কাঙপাওয়া দিয়া মাতামসা ল্যাপুমে। ল্যাপুওয়া আপেবিহিঙ মোইমসা ইয়াঙবি হাতরঙরে মুহইতো। তাংসা জ্যা কো এপাহা জিঙমিগা ইয়ঙকো দাঙ মোকো। আদো কুঙ নোওয়া ও তাপিনাহা। ইয়াঙবি তাংসা সেতিঙ নাহা স্কুল ল্যাপুওয়া আপেবিহিঙ ইয়াঙবি এপারাং পারাইপা কো চুরোওয়া। সাইউ ইয়াঙবি দেমসাতা যোএসুরো।

সত্যজিৎ টোটো

টুকরো খবর

বিকেলে আমাদের গ্রামের প্রাইমারি স্কুলের প্রাঙ্গনে আলোচনা সভা ছিল সঞ্জিত টোটোর উদ্যোগে। সঞ্জিত টোটো আমাদের টোটোদের মধ্যে প্রথম স্নাতক। সভার বিষয় ছিল নিজেদের ধর্ম ধরে রাখা। সভায় অনেক লোক হয়েছিল। টোটো, নেপালি, বিহারি— উপস্থিত সবাই ছোট ছোট বক্তব্য রাখল। সবাই বলল খুব ভালো উদ্যোগ এটা।

ধন্যবাদ।

২৩।১১।২০১৮

এখন আমাদের মন্দির-ঘরে (দেমসা-য়) প্রতি রবিবার করে আলোচনা হয় বলে সবাই জানে। কিন্তু এত কম লোক কেন আলোচনাসভায় আসে? আমরা সব টোটো বন্ধুদের অনুরোধ করব যে মন্দিরে আসুন, আমরা একসাথে আমাদের সংস্কৃতিকে রক্ষা করি।

ধন্যবাদ।

বন্ধুগণ, আমরা আমাদের মন্দির-ঘরে (দেমসা-য়) অনেক বিষয় নিয়ে আলোচনা করি— সে কোনও বাগড়া নিয়ে হোক বা নেপালি মেয়ে বিয়ে নিয়ে হোক। একটা বিষয় নিয়ে আমরা কখনও আলোচনা করিনি। সেটা হলো যে ধনী হোক বা গরিব হোক, টোটো পরিবারের বাচ্চারা এখন স্কুলে পড়ছে। গরিব বাড়ির ছেলেমেয়েরা মেধাবী হলেও অনেক দূর পড়তে পারে না। কেন? কেন তাদের পড়া ছাড়তে হয় তা আমরা কোনওদিন আলোচনা করিনি। বই কেনার টাকা ছিল না নাকি বাড়িতে কাজ করার লোক ছিল না— স্কুল-ছুট বাচ্চাদের আমরা ডেকে কোনওদিন জিজ্ঞাসা করিনি। এটা সব জাতিতেই আছে, শুধু আমাদের জাতিতে নয়। তবুও আমার মনে হয় যে আমরা সবাই যদি একজোট হয়ে চেষ্টা করি, তাহলে আমরা আবার স্কুলছুট বাচ্চাদের পড়াতে পারব। এ বিষয়ে একদিন মন্দির-ঘরে (দেমসা-য়) আলোচনা করতে হবে।

সত্যজিৎ টোটো

তাংসাহিঙ পাচাইরোওয়া

সবার কাছে প্রার্থনা

- টোটবি ক্যা ইয়ঙকো আয়ুবোপাগা ।
টোটো ভাষা আমাদের মায়ের সমান ।
- ই ক্যা হিঙ ইয়াঙবি সিঙসিঙ এনোরোওয়া ।
এই ভাষাকে আমাদের বাঁচিয়ে রাখতে হবে ।
- সেতা ইয়াঙবি টোটবি ক্যা য়োএ নোরোওয়া ।
বাড়িতে আমরা টোটো ভাষায় কথা বলব ।
- হাতিতা আইদাংবিতা টোটবি বারবি দোসনাহা টোটবি ক্যা রাঙ
য়োএসনোরোওয়া ।
বাজারে বা বাইরে টোটো বন্ধুর সঙ্গে দেখা হলে টোটো ভাষাতেই কথা বলব ।
- টোটবি ক্যা য়োএসনু দোসরা ক্যা মালাসিচাকো পাচাইরোওয়া ।
টোটো ভাষা বলার সময় অন্য কোনও ভাষা যেন না মিশে যায় ।
- টোটবি আপে বিহিঙপা টোটবি ক্যা য়োএপিকো ।
টোটো বালক-বালিকাদের সঙ্গে টোটো ভাষায় কথা বলব ।
- টোটবিকো নানাইকো মিঙচি লেদি আপে বিহিঙ টোটবি ক্যা সো
হিঙপাকো জিপাপিকো ।
টোটোদের পুরানো গল্প-গান টোটো ভাষায় বাচ্চাদের শোনাব, শেখাব ।

এপা জোমসা মেঙচে ইয়ঙকো টোটবি ক্যা য়ুঙরোওয়া । গারানি ।

এভাবেই আমরা আমাদের ভাষাকে বাঁচাতে পারি । ধন্যবাদ ।

মাতৃভাষা

তাংসা ক্যা য়োকো মুঙনোরোওয়া

গড়িয়া, কলকাতা

য়োএসকো বেনাহা

৭৪০৭৬১৬৯৫১

৯৮৩০৩১৮৫৭৮

৯৮৩৬৩৬৪০৩৫



টোটবিকো লোইকো দেরেং

টোটোদের গ্রামের খবর
টোটোভাষার পত্রিকা, বাংলা অনুবাদসহ
নারি, পঞ্চম সংখ্যা

সম্পাদক- সত্যজিৎ টোটো



মাতৃভাষা

টোটবিকো লোইকো দেবেং

টোটোদের গ্রামের খবর
টোটোভাষার পত্রিকা, বাংলা অনুবাদসহ

নারি ● সোইমসে, ২০২০
পঞ্চম সংখ্যা ● ফেব্রুয়ারি, ২০২০

ই কা নানাই জাংওয়া ● সত্যজিৎ টোটো ● ৩
বাংলা রূপান্তর: এটা আমার প্রথম কথা ● সত্যজিৎ টোটো ● ৪

ইয়ংকো উইশে লাপাকো নিয়ো ● ভক্ত টোটো ● ৫
বাংলা রূপান্তর: আমাদের অনেক কিছু করণীয় আছে ● ভক্ত টোটো ● ৬

টোটবিকো বিয়ো সো বাদি লোঙপাওয়া ● সত্যজিৎ টোটো ● ৭
বাংলা রূপান্তর: টোটোদের বিয়ে এবং অন্তপ্রাশন
● সত্যজিৎ টোটো ● ৮

কাহিঙ ● সত্যজিৎ টোটো ● ৯
বাংলা রূপান্তর: আমাকে ● সত্যজিৎ টোটো ● ১০

হিংকে লেদি ● সত্যজিৎ টোটো ● ১২
বাংলা রূপান্তর: শোনো গান ● সত্যজিৎ টোটো ● ১৩

পাশাখা লেদি ● সত্যজিৎ টোটো ● ১৪
বাংলা রূপান্তর: পাশাখার গান ● সত্যজিৎ টোটো ● ১৫

বিনিময়: ১০ টাকা



ই কা নানাই জাংওয়া সত্যজিৎ টোটো

কুঙ কাটুসো নাবি তাংসা হিঙ গারানি । বারবাই গেমেগেপা চুইদো টোটবিকো লোইকো দেরেং মিঙ এমসা হিগা লায়ে । কা নাবি তাংসানে পাচাইরোওয়া নাবিরে ই হিগা তা মিংচি লেদিবি টোটবি ক্যা সো লা না হা ই হিগাতা পিচাকো তামসা পাচাইরোওয়া । বারবাই ইচো দাং হাইরে জোমকোইমগা তাংসা যুসুনাহা হাইদো জোকোএমগা । বারবাই কা ইসো হাইরে মুমুংমিগা হিগা লামসা আদো কা কুঙ ক্যাএ সো দেমসা তুঙসিঙ সো জেজেংমিগা আসা টোটবি তাংসাহিঙ । ইচো নিসো টোটবি বারবি কাহিং মোসোংদোওয়া কুঙ জাঙওয়া লাওয়া আদো কা আবি বারবিনে তুঙসিঙ সো জেজেঙমিগা । বারবাই ইয়ঙকো ক্যাএ ইয়ঙকো ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ তানাঙ তানাঙ হাবদাংতেয়ে হিনি ইয়াঙবি তাংসা ইউসুমসা সেতিঙসুমসা হেঙসে তারো । ই হিগা হাংপা লানে মিগা । হাংপা তানাহা ইয়ঙকো ক্যা ইয়াংবি নামু সো মেংচে য্যোএদিংয়ো লাওয়া মতো নে চোকোইপা ইরাঙ হাঙসুরামা নানাই হিগাতা ইয়াঙপোঙকো তামসা । হাতরংরে মায়াংকো তামসা ই হিগা লাদাংওয়াহা । ইয়ংকো ক্যা সাযুরামা সাযু ইচো নিসো পা ইয়াংদিংয়ে হিনি ইয়াংবি হিগা লাতে নাহা শিশি চোকোইপা যুঙরোওয়া আকো সোতা ই হিগা ।

এটা আমার প্রথম কথা

সত্যজিৎ টোটো

আমার পক্ষ থেকে আপনাদের সবাইকে ধন্যবাদ। বন্ধুরা, কিছু জানা অনেক না-জানা নিয়েও ‘টোটোদের গ্রামের খবর’ নামে একটা পত্রিকা প্রকাশ করছি। আপনাদের সবার কাছে প্রার্থনা যে আপনারাও এই পত্রিকায় গল্প-গান টোটোভাষায় লিখে আমাদের সঙ্গে হাত মেলান। হৃদয় থেকে প্রার্থনা করি। বন্ধুরা, একজনে কিছু হয় না, সবাই মিলে কাজ করলে সবকিছু হয়। আমি এই পত্রিকা থেকে কিছু লাভ পাব না, এতে মনের তৃষ্ণা মেটে। আমি আমার ভাষা এবং দেমসা উপাসনাস্থলকে মন দিয়ে ভালবাসি, আর ভালবাসি আমার টোটোজাতিকে— তার জন্যই আমার এই প্রয়াস। কোনো টোটো বন্ধুর আমার লেখা ভালো নাও লাগতে পারে, কিন্তু আমি সেই বন্ধুদেরও হৃদয় থেকে ভালবাসি। বন্ধুরা, আমাদের ভাষা, সংস্কৃতি আমাদের ছেড়ে দূর থেকে দূরে চলে যাচ্ছে। এখনই আমরা তা থামাতে না পারলে কোনওদিনও তা ফিরে পাব না। এটাই এই পত্রিকা প্রকাশের মূল কারণ। আমরা আমাদের ভাষায় মৌখিক কথা বলছি, কিন্তু লেখার চল নেই। সেই লেখা শুরু করে কতদিন ভাষাকে বাঁচিয়ে রাখতে পারি তার জন্যই এই পত্রিকা। আমাদের ভাষা প্রতিদিন একটু একটু করে হারিয়ে যাচ্ছে। আমরা লিখে গেলে তা না হারিয়ে সারাজীবন থাকবে। তার জন্যই এই পত্রিকা।



ইয়ংকো উইশে লাপাকো নিয়ো

ভক্ত টোটো

১

টোটোপাড়াতা ইয়ংকো টোটবিতা উইশে ওয়ারাংপা মেরেংমা লোকাই সুংকাইরোমা সিয়োওপা জিংপুনত্যএওয়া দেঙাবিহা সরকারসো তারিতারি তা পিচাওয়া ঙাশ্যা মামুংচামি। আকো সোতা চাকো আংকো, মাইং আংকো, জুপাকাদি দিকো কোইচ্চ্যানেমি। ইয়েংতিবি দাপানেরো। জেজেংপা জনেরো। তুংশিং চিচপা মুতুরো। হাংপা তানেহা ইয়ংকো ওয়ারাংপা মেরেংমাবিকো দুতেওয়া মোংটো সাদিংতা য়ুংমসা ইয়েংতিবি হা এংতাপা নিয়ো। সরকার সো পিচাওয়া সুবিধাবি ইয়ংকো ওয়ারাংপা মেরেংমা বিরে তাংসা মুংচাকো। ইয়েংতিবি তাংসা সরকারকো মাটাবিতা জাংনেরো, ইয়ানেরো।

২

ইয়ংকো উইশে দেঙ্গাকো নেদোপা ভোটকার্ড, আধার কার্ড, প্যান কার্ড, কেওয়াকো সার্টিফিকেট, শিশুওয়াকো সার্টিফিকেট, রেশন কার্ড, কাস্ট সার্টিফিকেট মতো। ইবি হা তাংসাকো জোনেরোওয়া। হাংসুকো হাংসুকো মাতামে দেরেং লাংমসা দেঙাবিহিং জাংপিনেরো। হাংতা হ্যানেকোমে আকুরে জাংপিনেরো। সরকারকো মাটাবিহিং জাংনেরো য়ুইনেরো।

৩

টোটোপাড়াতা উইশে উইশে লো নান্গাইসো ইয়ংকো নাংগাইকো দেঙ্গাবিকো জাদিং কোংতেওয়া মোংটো, সাদিং ইউংকো তাংসাকো আত্যএ আত্যএ চিংদো নিয়ো। আদো ইয়ংকো সিয়োচে দেঙ্গাকো মোংটোকো সৌকু নেদোপা মতো। সৌকু নিম্বিকোরে হাংসুকো মোংটো হাংতামে হাংসুরে মেগেমি। সরকার সো রে টোটবিকো মোংটোকো নোওয়াং ইয়্যএওয়া হাংসুরে মাতানা। ইয়েংতিবি হা টোটোপাড়াকো জাবে দেঙা জিংদো ইয়ংকো মোংটোকো য়িগা মতো। ইয়ংকো কুইতা নিওয়া মোংটোকো সৌকু য়েংতিরাং মো-চোইনেরো। ইয়ংকো সিয়োচে মোংটো মাচানত্যএনা। ইয়ংকো দেঙা অস্যএচিংমসা ইয়্যএকো, জাংকো দেঙা মতো, মিছিল জোকো দেঙা মতো। আকো সোতা সরকারকো মোংটোকো মাটাবিরে হাইরে মোজোমি। য়েংতিবি তাংসা য়ুসুমসা সরকারকো মোংটোকো মাটাবিতা ইয়ংকো মোংটোকো সৌকু ইয়াচানেরো, মোংটো নোপাকো জাংনেরো। চেকেপা য়ুংমসা হাইরে মুতুরো। তাংসাহিং জাংনেরো মোংটোকো সৌকু মাতানেহা হাইরে দাম মতো।

আমাদের অনেক কিছু করণীয় আছে

ভক্ত টোটো

১

টোটোপাড়ায় আমাদের টোটো সম্প্রদায়ের মধ্যে ষাট বছরের বেশি বয়সের বহু বৃদ্ধবৃদ্ধা সরকার থেকে দেওয়া মাসিক ভাতা পান না। তাই তাদের খাওয়াদাওয়া, ঔষধপত্র কেনা, জামাকাপড় কেনাকাটা করতে খুবই কষ্ট হয়। আমাদের বৃদ্ধবৃদ্ধাদের ভালোমতো রাখতে হবে, ভালোভাবে সেবায়ত্ত করতে হবে, ভালোবাসতে হবে, মনে কষ্ট দেওয়া যাবে না। কারণ আমাদের বৃদ্ধবৃদ্ধাদের রেখে যাওয়া জমিজমা, ঘর, ভিটা নিয়েই তো আমরা ভালো আছি। সরকার থেকে দেওয়া সুবিধাগুলো যাতে আমাদের বৃদ্ধবৃদ্ধারা পায়, তার জন্য সরকারি আধিকারিকের কাছে আমাদের জানাতে হবে, আবেদন করতে হবে।

২

টোটোপাড়ায় আমাদের বহু মানুষের এখনও ভোটকার্ড, আধারকার্ড, প্যানকার্ড, জন্ম সার্টিফিকেট নেই। এগুলো সবারই বানাতে হবে। যাদের যাদের নেই খবর নিয়ে লোকজনকে জানিয়ে দিতে হবে, বোঝাতে হবে। কোথায় যেতে হবে তাও বলে দিতে হবে। সরকারি আধিকারিকদের জানাতে হবে, জিজ্ঞাসাবাদ করতে হবে।

৩

টোটোপাড়াতে বহু বছর আগে থেকে আমাদের পূর্বপুরুষদের জঙ্গল কেটে রেখে যাওয়া মাটি-ঘর-ভিটা আমাদের সবারই কিছু কিছু হলেও রয়েছে। তবে বেশির ভাগ লোকের জমির কাগজপত্র এখনও নেই। যাদের রয়েছে তাদেরও কার জমি কোথায় আছে কেউই জানে না। সরকারের পক্ষ থেকেও টোটোদের জমিজমার খোঁজখবর নেওয়ার কেউ নেই। আমরা টোটোরা পুরানো বাসিন্দা হওয়া সত্ত্বেও আমাদের কাগজপত্র নেই। আমাদের জমির কাগজপত্র আমাদেরই করে নিতে হবে। টোটোদের সংরক্ষিত জমির বেশিরভাগ হাতছাড়া হয়ে গেছে। আমাদের লোকসংখ্যা কম থাকায় কথা বলারও লোক নেই। লেখালেখির লোক নেই, মিছিল করার জন্য লোক নেই। তাই সরকারি আধিকারিকরাও টোটোদের জমিজমার বিষয়ে কিছুই করে না। আমাদের সবাই মিলেমিশে সরকারি আধিকারিকদের কাছে জমির কাগজপত্রের জন্য আবেদন জানাতে হবে, জমির চিহ্নিতকরণ করাতে হবে। চূপচাপ বসে থেকে কোনও কাজ হবে না। সবাইকে জানাতে হবে জমির কাগজ না থাকলে কোনও মূল্য নেই।

৬

টোটবিকো বিয়ো সো বাদি লোঙ পাওয়া সতজিৎ টোটো

নানাই টোটবিকো বিয়োও হাপা জিঙমিগা হাসে টংকা হামে আকু আস্যোএ য়োএসরো। হিনিরামা উইসে নিঙ নানাই ইয়ঙকো টোটবিকো বিয়োও এসেকো টেবো মিঞ্জিংমিগা হাঙপা তানাহা। আতরং বিয়োও জিঙমি ইব্রে আকো সোতা টংকা হামি লিয়োপা। পোজা কো সেতা ইব্রে আমা বেয়া চামসা নাচো টুচো দিয়া পুরামসা মেমেকো সেতা হোমি। মেমে পোজা হিঙ পুরামসা। মেমে কো হোমসা ইউ আঙওয়া মেঙচে। মেমে পোজা আসা বেরে কোটো হোওয়া কেকা কো বেয়া আমা মেঙচে দোসরাবি ইউ আঙমসা লারোওয়া। নানাইকো কাঙমসা নেহা টুকাইরামা সিয়োপা টংকা হামি টোটবিকো বিয়োওতা। দোসরা জ্যা কোতা জিকো হানু টংকা উইসে হ্যাওয়া। নেকো সো নানাইকো কাঙরো। নেকো পোজা মে লানাহা হাপকোঙ ইউ নিয়ো পাপুমসা হোনেরো। আকতা ইউ পাঙপামসা মেমেকো আপা, আয়ু, পাঙআতে, জিতো, জিতেই, তাংসা হিঙ পোজা সেতা পারানেওয়া আসা আমা হিবি বেয়া নায়া ইউ পুতকুই হাঙসু হাপা আঙবা পিয়াঙনে। হাসে টংকা হাকোগা। নানাইহা মে লা ইউ সা ইউ আঙ সেতা পারামসা ইউ পিয়াঙ এসেরাঙ। তানাহা নেকো সো নানাইকো হাসে সিয়ো লিয়োঙগা ইয়াঙবিরাঙ নো। ইমা মেলানুকো কাং লো ইনিঙ নোইতা পেঙপাকো নিনা। আকতা এপরাঙ হাসে হাকোগা। নেহা ইয়াঙবি বাদি লোঙপাওয়াকো য়োএসরো। ইহা বিয়োও জিঙওয়ারামা নানাই জোনেওয়াগা। নানাই বাদি লোঙপাওয়াতা কেকা ইপু সো ইউ ইয়ো বেনাহা তেঙমিগা। নেহা হাঙ হাঙ জিঙপুমে উইসে গ্যোমি। নেহা নানাইরামা ইউসে ন্যাসা হামি। তাংসা নুওয়াঙ কোইকো নোইকো হিগা কুই।

গারানি।



টোটোদের বিয়ে এবং অন্নপ্রাশন সত্যজিৎ টোটো

আগে টোটোদের বিয়ে কেমন হতো এবং কত টাকা খরচ হতো সে বিষয়ে কিছু বলি। আজ থেকে অনেক বছর আগে আমাদের টোটোদের বিয়ের খরচ এত বেশি ছিল না। কারণ তখন বিয়ে হতো একবেলা, তাই টাকা লাগত কম। ছেলের বাড়িতে ভাত-মাংস খেয়ে একবেলা পাঁচ-ছয়জন সঙ্গী নিয়ে মেয়ের বাড়িতে যেত ছেলে মেয়েকে নিয়ে। মেয়ের বাড়িতে গিয়ে উঠোনে সবার হাঁড়িয়া খাওয়া আর কেবল ছেলে ও মেয়েকে ও দুজনকে মুরগির মাংস ও ভাত খাওয়ানোর নিয়ম ছিল। বাকিরা হাঁড়িয়া খেয়েই ফিরে আসত। আগের থেকে এখন অনেক গুন বেশি খরচ টোটোদের বিয়েতে। অন্য জাতিকে অনুকরণ করতে গিয়ে এখানে টোটোদের ক্ষতি। এখন আর আগের তফাৎ দেখা যাক। এখন বউ নিয়ে আসলে দুই কলসি হাঁড়িয়া মেয়ের বাড়ি নিয়ে যেতে হবে। সেখানে মেয়ের বাবা, মা, কাকু, কাকিমা, জেঠু, জেঠিমা, দাদা, ভাই-দের হাঁড়িয়া খাওয়াতে হবে। সবার খাওয়া হলে মেয়েপক্ষের বাবা, মা, কাকু, কাকিমা, জেঠু, জেঠিমা-দের ছেলের বাড়িতে নিয়ে আসা হয় এবং ভাত, সন্জি, মাংস, মাছ, হাঁড়িয়া, মদ যে যেমন খায় দিতে হয়। কত খরচ হয় এতে। আগেকার দিনে, বউ নিয়ে আসলাম, হাঁড়িয়া দিতে গেলাম, হাঁড়িয়া ভিজিয়ে খাওয়ালাম, ছেলের বাড়ি নিয়ে হাঁড়িয়া খাওয়ালাম, এতেই শেষ। তাহলে এখন আর তখন খরচের কত তফাৎ ভাবো দেখি। এতো গেল বউ নিয়ে আসার সময়ের কথা। এক বছর পরে তো বিয়ে হবে। তাতে আরো কত খরচ আছে। এখন আমরা অন্নপ্রাশনের আলোচনা করব। বিয়ের আগে এটা করার নিয়ম। আগেকার দিনে অন্নপ্রাশনে একটা মুরগি এবং এক কলসি হাঁড়িয়াতে হয়ে যেত। এখন হয়েছে কি যে অনেক কিছু চাই। আগের চেয়ে প্রচুর খরচ হয় এখন। এ বিষয়ে আরও কথা আবার পরে বলা যাবে।

ধন্যবাদ।

কাহিঙ সত্যজিৎ টোটো

ক্যা হিঙ সিঙসিঙ একো হানু উইসে নুআঙ হিঙনেমি। ইহা তাংসা জ্যা তারাঙ নিমি এংতাপা জোকো হানুহা নাইটাতা উইসে সোসা পেঙনেমি। আদো নাতি সেতিঙকো মাল্যা সাইউ সো সাইউ নোকো তুংসিঙ কো নুআঙ তাংসা কোইরোওয়া। কারাঙ হাঙপামে আপনি কো ক্যা জ্যা ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ সিঙসিঙ এদাং মেচাঙমি। কা ই লা জোমসা হাঙ মুমগা। ইচোদাং গামসা লেচোঙ লেচোঙ ই নুওয়াঙ নোচাঙমি। আতরং তাতরিংপা আপাকো জাঙওয়া নুআঙ তুঙসিঙতা ওয়াঙচাঙমি। হিনিরামা উইসে ইনিঙ নানাই কুঙআপা কুঙ আবেতা কাইমি। হাংপা কাইমিগা? আকু মিংচি ল্যারো হিনিরামা উইসে ইচিঙ নানাই কা কুঙলাওয়া লেদি সোয়োই ওয়া আপেবি পুরামসা হামি মাদারিতা। আকু ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ কো মিঙ তিস্তা তোর্সা উৎসব। আকুরাঙ নিমি কুঙ শিশিকো টেবো লেদি লেওয়া। আকতা লেওয়া ইয়োইওয়া নিসো সারাঙ জিঙনা ইরামা নানাই টোটবিতা আপেবি ইয়োইওয়া চুবে লেওয়া মাতামি। আকতা হাঙসু লেদি লা মে হাঙসুসু ইয়োইদাঙ তাংসাকে মিঙ লামি নিমি। আদো হাঙসকোরে মিঙ আকতা মাজাংনা। আকো সোতা কুঙ আপাকো তুঙসিঙ চিচওয়াহা। শিশিকো নানাই আপনিরাঙ লেদি লাওয়া আসা লেওয়া ইয়োইওয়া তাংসা জোমসারে মিঙ মাচাঙপিনা। সেতা ওয়াঙমসা আপা কাহিঙ জাঙনা হিনি কো সোতা তুঙসিঙ মিচিচপা নাইপারাঙ সিয়োপা টোটবি লেদি লামসা আপেবিহিঙ য়োইপোইকো জিপা সাইউ সো সাইউ নোকো মিঙ জিঙরোওয়া। এপা জোমসা সেতিঙজুরুমি কুঙ আপা। আতরঙসো কুঙতুঙসিঙতা টোটবি ক্যা সো ল্যোএচ্যোএ প্যোএচ্যোএ সিঙসিঙ একো নোওয়াঙমি। আতরং সো নানাইরামা সিয়োপা লামি। লেদি, মিংচি, জাঙদি, ইতাংসা কুঙ আপাকো পিচোওয়া। হিনি কুঙ আপা আয়ু মিসিপা নিনাহা আজিপারাঙ ইয়াঙতাকো। হাংপা তানাহা হিনি কা লেদি দাঙ মোকোমি আতোইজওয়া মিংচিরে লাকো চুমি। লেদি লামসা লেওয়া ইয়োইওয়া আইদাংতা নাকাইরামা সিয়োনা কা তিঙয়াঙ মাতাওয়া। আপা আয়ু মিসিয়াঙনু হাইরে জোমকোই না। কুঙ আয়ু যাঙপুওয়া ২০০৪ অক্টোবর ১৩ ইংতা আসা আপা যাঙপুওয়া ২০০৫ ফেব্রুয়ারি ১৭ ইং আতরং চোকোইপা কা হাইরে মুমুঙইয়াঙমি। আকো নোইতা ই উ উইসে মুঙনা। হাঙ হাঙ মুঙমে ২০০৮ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়তা জাংদি তা ক্যা দিবসতা ইচো মুঙমি। ২০০৯ নিউ দিল্লি হামি রাষ্ট্রপতি কো আরশিঙ জিঙমিসা। আতরং ইয়ঙকো রাষ্ট্রপতি নিমি প্রতিভা

দেবী সিং পাতিল। ২০১০ আবেতা লেদি জাঙদি। ২০১১ লাওয়াতা মুঙমি লোকস্বর পত্রিকা সো। ২০১২ ইতা উতা আবেতা লেদি জাঙদি। ২০১৩ শুওরোএ ৩ ডিসেম্বর আদিবাসী উন্নয়ন দপ্তর নেতাজি ইন্ডোর স্টেডিয়ামতা ইয়ঙকো রাজ্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কো কুইসো মুঙমি বিশিষ্ট কবি গবেষক রচনাকার শ্রী সত্যজিৎ টোটো মহাশয়কে মূল্যবান টোটো সংস্কৃতি বাঁচিয়ে রাখার জন্য এই সম্মাননা প্রদান করা হলো। ই তাংসা কুঙআপা আয়ু নোইচা মুঙনাহা হাসে ইয়াঙতো কোওয়া। হিনিকো মিংচি এমেরাঙ কুঙ, আপা আয়ুকো মিংচি উইসে নিয়ো নোইকো হিগাতা নাইপারাঙ দোসপারো। কা আতোইজগাংনু আসা আপা আয়ু পারামসা লা-রো।

গারানি।



বাংলা রূপান্তর

আমাকে
সত্যজিৎ টোটো

ভাষা বাঁচাতে গিয়ে অনেক কথা শুনতে হয়। এটি সব জাতিতেই আছে। ভালো কাজ করতে গেলে রাস্তায় অনেক কাঁটা পেরোতে হয়। কিন্তু তুমি চেষ্টা ছেড়ো না। একদিন না একদিন তোমার মনের কথা সবাই বুঝবে। নিজের ভাষা, জাতি, সংস্কৃতি

তাজা রাখতে কেন ইচ্ছা করে, কী আনন্দ এসব করে— একাই বসে মাঝেমাঝে একথা ভাবি। তখন বাবার কথা মনে পড়ে। আজ থেকে অনেক বছর আগে বাবা আমার সামনে বসে কেঁদেছিল। কেন কেঁদেছিল? সেই গল্প বলছি। আজ থেকে অনেক বছর আগে আমার লেখা গান আর নাচের দল নিয়ে মাদারিহাটে গিয়েছিলাম তিস্তা তোসাঁ উৎসবে। সেটা ছিল জীবনের প্রথম বড় অনুষ্ঠান। সেখানে নাচ-গান দুটোই হল। এর আগে টোটা বাচ্চাদের নাচ বা নতুন গান ছিল না। কে গান লিখেছেন, কারা নাচছে, সবার নাম লিখে দেওয়া হয়েছিল। কিন্তু কারোর নাম সেখানে ওঠেনি। তার জন্যই আমার বাবার মনে দুঃখ হয়েছিল। জীবনে প্রথমবার বড় অনুষ্ঠানে নিজের লেখা ও সুর দেওয়া গান গেয়ে ও নাচ করিয়েও নাম উল্লেখ হয়নি। বাড়িতে এসে বাবা আমাকে বললেন, আজকের জন্য মনে দুঃখ নেবে না, আরও বেশি করে টোটা গান লিখে বাচ্চাদের নাচ শেখাও, একদিন না একদিন তোমার নাম হবে। এভাবে উৎসাহিত করেছিলেন আমার বাবা। তখন থেকে আমার মনে টোটা ভাষা ও সংস্কৃতি বাঁচিয়ে রাখার ভাবনা আসে। তখন থেকে আগের চেয়েও বেশি করে লিখি গান, গল্প, কবিতা। এসব আমার বাবার অবদান। আজ যদি আমার বাবা-মা বেঁচে থাকতেন, তাহলে সত্যি অনেক খুশি হতেন। কেননা আজ শুধু গান নয়, ছোট ছোট গল্প লিখতে পারি। গান লিখে বিভিন্ন জায়গায় গান করেছি, এমন গানের সংখ্যা একশ পেরিয়ে গেল। আমার দুর্ভাগ্য যে বাবা-মা বেঁচে থাকতে কিছুই করতে পারলাম না। আমার মা মারা যান ২০০৪ সালের ১৩ অক্টোবর আর বাবা মারা যান ২০০৫ সালের ১৭ ফেব্রুয়ারি। তখন অবধি আমি কোনও সম্মাননা পাইনি। তার পরেই অনেক সাফল্য পেয়েছি। কী কী পেয়েছি? ২০০৮-এ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় হতে কবিতা পাঠে ভাস্মাদিবস সম্মাননা। ২০০৯-এ দিল্লি গিয়েছিলাম রাষ্ট্রপতির অতিথি হয়ে। তখন আমাদের রাষ্ট্রপতি ছিলেন প্রতিভা দেবী সিং পাতিল। ২০১০-এ কাছাকাছি অনুষ্ঠানে গান, কবিতা। ২০১১ সালে লোকস্বর পত্রিকা থেকে লেখক-সম্মান। ২০১২ কাছাকাছি অনুষ্ঠান। ২০১৩-র ৩ ডিসেম্বর আদিবাসী উন্নয়ন দপ্তরের পক্ষ থেকে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হাত দিয়ে বিশিষ্ট কবি, গবেষক, রচনাকার শ্রী সত্যজিৎ টোটা মহাশয়কে মূল্যবান টোটা সংস্কৃতি বাঁচিয়ে রাখার জন্য সম্মাননা প্রদান করা হয়। এসব যদি আমার বাবা-মা দেখতে পেতেন, তাহলে কত খুশি হতেন। আজকের মতো গল্প এইটুকুই। আমার বাবা-মা-র গল্প ফুরোয়নি, আমার ছোটবেলার গল্প ফুরোয়নি। সেসব নিয়ে আবার একদিন বসা যাবে।

ধন্যবাদ।

হিংকে লেদি সত্যজিৎ টোটো

কা পাচাইমি এসেকো মোজোরো তামসা আকো সোতা ই লেদি লামি
হিনিরামা ইকই সো ডিনিঙ নানাই ।

হিঙকে হিঙকে আঠা আজা কুঙ নুআঙরে
দাংতা মাংতা তেইওয়া তেইওয়াতা সানিরে হুইবদাংতেনা
মাআঙগে নেহা জাতি কো ইউরে ২

পারা প্যারাপা ক্যানা ইয়ঙকো চেপাহা
হারা হারাপা গানা ইয়ঙকো চেপাহা ২
মাআঙগে নেহা জাতিকো ইউরে ২

লুনটুই মিতিং ই ইউ হা বোড়া মিতিং ই ইউ হা
সোসা মিতিং ই ইউ হা লাদিং মিতিং ই ইউ হা

সেতা ইয়ঙকো চেঙবি কাইনা ও আঠা
য়ামে মায়ামে আজা সেতা চেঙবিহা
লেই আঠা নেহা এংতাওয়া নাইটাতা ২

কা ই লেদি উইসে লোইতা লেনা আদো
কা হাংসুনে কোইপাকো মুচুনা কা হাঙ
জোকোওয়া । সেতিঙকো মানারো
আদো কা হাতরং চোকোইপা সাদি নি
তুঙসিঙতা ।
গারানি ।



শোনো গান

সত্যজিৎ টোটো

চব্বিশ বছর আগে লেখা এই গানে আমি নেশায় অপচয় বন্ধের জন্য
সবাইকে অনুরোধ করে লিখেছিলাম ।

শুনুন শুনুন ঠাকুরদা ঠাকুরমা আমার কথা
উত্তর দক্ষিণ করতে করতে সময় ডুবে যাচ্ছে
খেয়ো না আর মারুয়ার হাঁড়িয়া ২

ওই শোনো ভাত নষ্ট হচ্ছে
আর শোনো ইউ নষ্ট হচ্ছে
সারা বছরের দুঃখ-কষ্ট-ঘাম বৃথা যাচ্ছে ২
খেয়ো না আর মারুয়ার হাঁড়িয়া ২

এই হাঁড়িয়া পাথর দেখে না নদী দেখে না
এই হাঁড়িয়া কাঁটা দেখে না কাদা দেখে না

বাড়িতে কাঁদছে আমাদের বাচ্চারা ও দাদু
বাড়িতে বাচ্চারা কি খাবার পেয়েছে ও দাদি
আসো না আমরা এখন ভালো রাস্তায় যাই ২

আমি এই গান অনেক গ্রামে গেয়েছি, কাউকে বোঝাতে পারি নি,
তবু চেষ্টা ছাড়ব না যতক্ষণ বুকে দম আছে ।
ধন্যবাদ ।

পাশাখা লেদি সত্যজিৎ টোটো

ঝোড়া কো আরিতা টেরবো টেরবো সা
মাইমাই কাঙ যাইগোএ দাইমাই কাঙ যাইগোএ
প্যাইকোতা টেরবো টেরবো সা
আকু লোইকো মিঙ হা
পাশাখা পাশাখা পাশাখা বারবাই

আকু পাশাখাতা য়ুঙমি টোটবি চেঙবি
য়াইগোএ ঝোড়া পেংইমসা বারবাই পুমি লুনটুই বারচু^২

টোটবি কো চেঙ জিঙইমসা বারবাই হাঙপা এপা জিঙনেমে
টুইমুটুই ব্যাএ পুমসা হাঙপা তেইনেমে
আঠা আজা কো দুতেওয়া এসেরাঙগুঙ বারবাই
টোটবি চেঙতামসা বারবাই যাইগোএ ঝোড়া পেঙনেমুঙ

ই লেদি কা লামি পাশাখাতা গামসা আতরং কিবি উইসে টোটবি
আকতা কাঙপাদিঙমি ইউ. এস. কনস্ট্রাকসন কোম্পানিতা লুনটুই,
বারচু, সিমেন্ট, পুমসা সানেমি যাইগোএতা তেইতা। পাশাখা ইচো
লোইকো মিঙ আকতারকাঙ নিমি টোটবি আপেবি। আজিপারাঙ
ইয়াঙবি তুংসিঙ নোনা হা ইয়ঙকো জ্যা কোইচ্যামিরাঙ।
গারানি।



পাশাখার গান
সতাজিৎ টোটো

নদীর কিনারে কিনারে কত বড় বড় বাড়ি
উত্তরে দেখ পাহাড়, দক্ষিণেও পাহাড়
মাঝে বাড়ি বড় বড়
সে গ্রামের নাম পাশাখা

সেই পাশাখায় আমাদের টোটো যুবকেরা
নদী-পাহাড় পেরিয়ে পিঠে বয়ে নিয়ে যেত
বালি-সিমেন্ট-পাথর পাহাড়ের চুড়ায়

টোটো বলেই কেন এত কষ্ট করতে হয় বন্ধুরা
শরীরে না দিলেও কেন টেনে চলতে হয়
বাপ-ঠাকুরদার জীবনের অর্জন কি এটুকুই
টোটো বাচ্চা বলেই পাহাড়-নদী পেরোতে হয়।

এই গান লিখেছি পাশাখা ভুটানে বসে। তখন আমরা কয়েকজন
টোটো যুবক ওখানে কাজ করছিলাম ইউ. এস. কনস্ট্রাকশন
কোম্পানিতে। পাথর, সিমেন্ট, বালি বয়ে নিয়ে যেতে হতো
পাহাড়ের চুড়ায়। মনে হয়েছিল টোটো যুবকদের জীবন খুব কষ্টের।
ধন্যবাদ।

তাংসাহিঙ পাচাইরোওয়া

সবার কাছে প্রার্থনা

- টোটবি ক্যা ইয়ঙকো আয়ুবোপাগা ।
টোটো ভাষা আমাদের মায়ের সমান ।
- ই ক্যা হিঙ ইয়াঙবি সিঙসিঙ এনোরোওয়া ।
এই ভাষাকে আমাদের বাঁচিয়ে রাখতে হবে ।
- সেতা ইয়াঙবি টোটবি ক্যা য়োএ নোরোওয়া ।
বাড়িতে আমরা টোটো ভাষায় কথা বলব ।
- হাতিতা আইদাংবিতা টোটবি বারবি দোসনাহা টোটবি ক্যা রাঙ
য়োএসনোরোওয়া ।
বাজারে বা বাইরে টোটো বন্ধুর সঙ্গে দেখা হলে টোটো ভাষাতেই কথা বলব ।
- টোটবি ক্যা য়োএসনু দোসরা ক্যা মালাসিচাকো পাচাইরোওয়া ।
টোটো ভাষা বলার সময় অন্য কোনও ভাষা যেন না মিশে যায় ।
- টোটবি আপে বিহিঙপা টোটবি ক্যা য়োএপিকো ।
টোটো বালক-বালিকাদের সঙ্গে টোটো ভাষায় কথা বলব ।
- টোটবিকো নানাইকো মিঙচি লেদি আপে বিহিঙ টোটবি ক্যা সো
হিঙপাকো জিপাপিকো ।

টোটোদের পুরানো গল্প-গান টোটো ভাষায় বাচ্চাদের শোনাব, শেখাব ।

এপা জোমসা মেঙচে ইয়ঙকো টোটবি ক্যা য়ুঙরোওয়া । গারানি ।

এভাবেই আমরা আমাদের ভাষাকে বাঁচাতে পারি । ধন্যবাদ ।

মাতৃভাষা

তাংসা ক্যা য়্যোকো মুঙনোরোওয়া


গড়িয়া, কলকাতা

য়্যোএসকো বেনাহা

৭৪০৭৬১৬৯৫১

৯৮৩০৩১৮৫৭৮

৯৮৩৬৩৬৪০৩৫



টোটবিকো লোহিকো দেবেং

টোটোদের গ্রামের খবর
টোটো- বাংলা পত্রিকা
ষষ্ঠ সংখ্যা

সম্পাদক- ভক্ত টোটো



মাতৃভাষা

টোটবিকো লোইকো দেরেং

টোটোদের গ্রামের খবর
টোটো- বাংলা পত্রিকা

মঠ সংখ্যা ● ফেব্রুয়ারি, ২০২৩

টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি পুনরায় চালু করার জন্য
নতুন কমিটি গঠন ● ধনীরাম টোটো ● ৩

কুং নোয়াং ● ভক্ত টোটো ● ৪
বাংলা রূপান্তর: আমার কথা ● ভক্ত টোটো ● ৫

পারাইরো কা ● সনে টোটো ● ৭
বাংলা রূপান্তর: পড়াশোনা করব আমি ● সনে টোটো ● ৭

কাল্টু ● ধনীরাম টোটো ● ৯

লাল মোরগ ● ধনীরাম টোটো ● ১০

টোটো ও বাংলায় কিছু বাক্য ● ভক্ত টোটো ● ১৪

বিনিময়: ১০ টাকা

টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি
পুনরায় চালু করার জন্য নতুন কমিটি গঠন

স্থান— দেমশা, বুদু, টোটোপাড়া
তারিখ— ৩০/১০/২০২২, রবিবার
সময়— সকাল ৮-৩০

বিবরণ:

আজ দেমশাতে সত্যজিৎ টোটোর অকাল মৃত্যুর স্মরণসভায় মৌন পালনের সাথে সাথে প্রয়াত সত্যজিৎ টোটোর আত্মার চিরশান্তি কামনা করা হয়। সত্যজিৎ টোটো দ্বারা সম্পাদিত টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি পুনরায় চালু করার জন্য টোটো সাহিত্যকার শ্রী ধনীরাম টোটোর নেতৃত্বে একটি অস্থায়ী কমিটি গঠন করা হলো।

উপস্থিত ব্যক্তিগণের মধ্যে পরস্পর আলোচনার পর নতুন কমিটির মাধ্যমে নিম্নলিখিত বিষয়গুলো সিদ্ধান্ত নেওয়া হলো—

১. পত্রিকাটি টোটবিকো লোইকো দেরেং নামেই থাকবে।
২. পত্রিকাটি ত্রৈমাসিক হবে।
৩. পত্রিকাটির সম্পাদক হিসেবে শ্রী ভক্ত টোটো থাকবেন।
৪. সহ-সম্পাদক হিসেবে শ্রী ধনীরাম টোটো থাকবেন।
৫. পত্রিকার কমিটির সদস্যপদে থাকবেন— রীতা টোটো, সঞ্চিতা টোটো, সনে টোটো, প্রকাশ টোটো, অভিষেক টোটো, সুশান্ত টোটো, খনঞ্জয় টোটো।
৬. নভেম্বর ২০২২ থেকেই পত্রিকাটির পুনঃপ্রকাশের কাজ শুরু করা হবে।
৭. পত্রিকাটিতে ছাপানোর জন্য যে কোনো ব্যক্তি, স্কুল-কলেজ-পড়ুয়া ছাত্রছাত্রীগণ যে কোনো শিক্ষামূলক, গঠনমূলক বা বিভিন্ন ধরনের সমস্যা নিয়ে লেখা দিতে পারবেন।
৮. টোটো ভাষায়, বাংলা ভাষায় অনুবাদ করে লেখা দিতে পারবেন।
৯. কলকাতার মাতৃভাষা সংস্থা থেকে পত্রিকাটি ছাপানোর ব্যবস্থা করা হবে।

আজ আর অন্য কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহাশয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করলেন।

ধনীরাম টোটো
সভাপতি
৩০/১০/২০২২

কুং নোয়াং

ভক্ত টোটো

ভারতকো পশ্চিমবঙ্গ রাজ্যকো আলিপুরদুয়ার জেলাকো মাদারীহাট থানাকো দিতাদাংতা ভারত সো ভুটানকো লুংবিতা টোটবিকো যুংওয়া লোই। ই লোইকো মিং হা টোটোপাড়া (টোটবিকো লোই)। টোটবি কো জ্যা কো বিষয়তাহা লাকো গোওয়া দেঙাবিকো যিগা ইংলিশ, বাংলা, সো উইশে ওনতএহে টোটবিকো নোয়াং নেদোপা লাদিংহে আসোয়া নোইতারে লারোওয়া।

এ সেকো প্যাকোতা টোটবিকো লোইকো দেরেং যিগা হা টোটবিকো ইচো টেবো যিগা। হাংপা তানেহা ইয়া ইচো ইয়ংক্লে লোইকোরাং দেরেং কো যিগা। ই যিগা হা লো ঙানিং জিংপান্তএহে। ই দেরেং কো যিগা নাঙাই ওপাওয়া সো ইকো সম্পাদক (মাটাহ) হা মাতোয়া সত্যজিৎ টোটো নিমি। দেরেং কো যিগা ওপাওয়াহা মাতৃভাষা (আপনি কো ক্যা), কলকাতা। জাইপু বিপ্লব নায়ক কো ঝিপাওসো টাংকা যুজরুওয়া সো দেবেংকো যিগা ওপাসাংমি।

ই যিগা হা আত্যএচিংপা আস্যএস্যএ মি লাপাহ মাতাদো টোটবিহিংয়া জেজেংপা নিমি। টোটবি ক্যা সো যি গা কো মিং তিংমসা টোটবিহা তাংসা জেজেংপা জিং পুমি। টোটবিহিং এতেওয়া সত্যজিৎকো ইয়া টেবো দুতেওয়া। আকুয়া (সত্যজিৎ টোটো) নেয়া য়েংতিবিদোপা মতো। সিরি মাহ্যাপা আকুয়া য়েংতিবিহিং হুইতেহে।

আদো আককো দিয়ঁএ ক্যাসো লাওয়া লেহদি, কবিতা, মেংচি লাওয়া আসোয়া ই টোটবিকো দেরেং যিগা টোটবিহা হাংত্রংরে সিমিসিক্যোএপা মালেরেংপা যুংরোওয়া।

টোটবিকো লোইকো দেরেং যিগা তেংকো টেবো তেঁইহা— টোটবিক্যাসো (বাংলা সো ইংরেজিকো অক্ষর যুমসা) লাওয়া ঝিকো, বাংলা ক্যা সো লাম্সা টোটবিকোতা দেরেং দেপাকো, পড়াইওয়া পোজামেমে, ওয়েংতেংবিহিং লাওয়াতা নাঙাই গোএপাকো। টোটবিকো আপনিকো লচ্যএপচ্যএ জিসাংমাইসাং, হাইক্রিবি হুইচাওয়া, বিয়ো, ইয়াওয়া, লেহওয়া হিং ই যিগাসো তাংসাহিং ওইপাওয়া।

হাইক্রি হাইক্রি কি মাতাওয়া কো বিষয়তা লাকো হাংপাতানেহা পড়াইওয়াকো, জুপা হাইনু মোংনুকো মাইকো তিকো, নাত্যা, তেইওয়া গারি,

মাংতা উইতি জিওয়া, পাটিতা উইতি জিওয়া, কো বিষয়তা ইয়িগাতা লাকোএরো ।

ইচো আপেচিংপা কমিটি জোমসা টোটবিকো লোইকো দেরেং তেংকো কিবি চেকেং দাংহে । ই যিগাতা লাকো টোটবিক্যাসো মোকোনাহা বাংলা সো কবিতা, মেংচি, হাইক্রি হাইক্রি বি সরকারতা ইয়াকো বিষয়তা লাকো, ই যিগা পড়াওয়া দেঙবিহিং লাওয়া পিচাকো তামসা তাংখাহিং পাচাইরোয়া । গারানি ।

বাংলায় অনুবাদ:

আমার কথা

ভক্ত টোটো

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের আলিপুরদুয়ার জেলার মাদারীহাট থানার উত্তর-পূর্ব সীমান্তে টোটো আদিম উপজাতিদের বাসভূমি । টোটো উপজাতিদের বিষয়ে বিভিন্ন লেখকদের বই ইংরেজি বাংলায় বহু বেরিয়ে গেছে । বর্তমানেও লেখালেখি চলছে এবং আগামীতেও চলবে ।

তার মধ্যে টোটবিকো লোইকো দেরেং (টোটোদের গ্রামের খবর) পত্রিকাটি টোটোদের কাছে অতি গুরুত্বপূর্ণ কেননা এটি একটি স্বয়ংসম্পূর্ণ পত্রিকা । টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটির প্রথম সংখ্যা প্রকাশিত হয় ২০১৮ সালের এপ্রিল মাসে । পত্রিকাটির বয়স প্রায় পাঁচ বছর ছুঁই ছুঁই । পত্রিকাটির উদ্যোক্তা এবং সম্পাদক ছিলেন সত্যজিৎ টোটো । প্রকাশক— মাতৃভাষা, কোলকাতা । মাননীয় বিপ্লব নায়ক (লেখক এবং সাহিত্যকার)-এর শলাপরামর্শ ও আর্থিক সাহায্যে পত্রিকাটি প্রকাশ করা হতো । পত্রিকাটি কয়েক পৃষ্ঠার খুবই ছোট্ট হলেও টোটো সমাজে খুবই পছন্দের ছিল । টোটো ভাষায় পত্রিকাটির নাম দেখে সবার পছন্দ হয়েছিল । টোটো জনজাতির জন্য এটি সত্যজিৎ টোটোর বড় একটি অবদান । তিনি আর আমাদের মধ্যে নেই । অকালে আমাদের ছেড়ে চলে গেলেন । কিন্তু তাঁর টোটো ভাষায় গান, কবিতা, গল্প এবং এই টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি টোটো সম্প্রদায়ের কাছে চির অমর হয়ে থাকবে ।

টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি চালু করার মূল উদ্দেশ্য ছিল টোটো ভাষায় (বাংলা বা ইংরেজি অক্ষরে) লেখালেখির অভ্যাস তৈরি করা, বাংলা ভাষার সাহায্য নিয়ে অথবা বাংলা অনুবাদ করে খুব সহজে টোটো সম্প্রদায়ের কাছে দেরেং (খবর) পৌঁছে দেওয়া, শিক্ষিত টোটো ছেলেমেয়ে, যুব সম্প্রদায়কে লেখালেখির মধ্যে আগ্রহ গড়ে তোলা, টোটোদের নিজস্ব বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, পূজোপার্বণ, আচার-অনুষ্ঠান, বিবাহ, নাচ, গান-কে পত্রিকার মাধ্যমে তুলে ধরা। বিভিন্ন ধরনের সমস্যা, যেমন, শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, রাস্তাঘাট, যানবাহন, সামাজিক শোষণ, রাজনৈতিক শোষণ, নিপীড়ন ইত্যাদির বিষয়ে পত্রিকার মাধ্যমে তুলে ধরা।

একটি ছোট কমিটি গঠনের মাধ্যমে টোটবিকো লোইকো দেরেং পত্রিকাটি পুনরায় চালু করার জন্য প্রয়াস নেওয়া হয়েছে। পত্রিকায় ছাপানোর জন্য টোটো ভাষায় অথবা বাংলায় কবিতা, গল্প, কোনো দাবিদাওয়ার বিষয়ে লেখা দেওয়ার জন্য পাঠকদের কাছে আবেদন জানাচ্ছি এবং সহযোগিতা কামনা করছি। ধন্যবাদ।



পারাইরো কা

সনে টোটো

পারাইরো কা, দেয়াঁ জিংরো কা,
পারাইপাপি আয়ু-আপা,
জিরোং হাপকুং আকু নাস্যাসো,
য়ু-পুতকুই মাআংপা ।
ও ও ও আয়ু-আপা
য়ু পুতকুই মাআংপা (২)

স্কুল নেংপি কাহিং আয়ু আপা
ইবরে সিতা কাংপানেদো,
স্কুল ল্যাপুই তামসা মাজাংপি কাহিং
সেদ্রাংমসা হাসে য়েংপুইদো ।
ও ও ও ও ...

জিরোং হাপকুং কাংপানেদো কাহা
মাল্যারো কা স্কুল হ্যাকো,
পোরোতো কুই এমসা পাচাইপি কাহিং,
লামসা বিমশা দেয়াঁ জিংকো
ও ও ও ও ...

বাংলায় অনুবাদ:

পড়াশোনা করব আমি

সনে টোটো

পড়াশোনা করব আমি, মানুষ হব আমি,
পড়াশোনা করতে দিন আমায় বাবা-মা,
ওই টাকাপয়সায় সকালবিকেল মদ্য পান না করে ।
ও ও ও বাবা-মা মদ্যপান না করে । (২)

স্কুলে পাঠিয়ে দিন আমায় ও বাবা-মা
অবসর সময়ে বাড়ির কাজ করতে হলেও,
ছেড়ে দাও স্কুলে যাওয়া বলবেন না কোনোদিন বাবা-মা
রেগে গিয়ে আমায় বকতে হলেও ।
ও ও ও ...

সকালবিকেল কাজ করতে হলেও
আমি ছাড়ব না স্কুলে যাওয়া,
আমার মাথায় হাত রেখে আশির্বাদ করুন ও বাবা-মা
যাতে আমি পড়াশোনা করে মানুষ হতে পারি ।
ও ও ও ...



কাল্টু

ধনীরাম টোটো

কাল্টু এসেছিল জেনচু ভুটান হতে, মঙ্গলবার বাজার করতে, মালকিনের পিছু ধরে ।

মঙ্গলবারের বাজারে মানুষের ভিড়ে কাল্টু হারিয়ে গেল । গলিপথে ঘুরে দিক ভুলল । বাজারের ভোলা আর টুন্পি করল তাড়া । তাদের কামড়ের ভয়ে লুকিয়ে থাকল একটা ঘরের তলায় ।

একদিন বাজারে ধনীবাবু এল, কাল্টুকে দেখে ডাকল । অভয় পেয়ে কাল্টু ধনীবাবুর পিছু নিল পায়ে পায়ে ।

ধনীবাবুর ঘরে এসে বান্টুর সঙ্গে দেখা । কাল্টু বলে— বান্টু দাদা, তুমি তো ঘরের ছেলে ।

বান্টু বলে— আরে দূর, দিদিমণি এসেছে জামাইবাবুর ঘরে ।

সেই থেকে কাল্টুর পরিচয় জামাইবাবুর কুকুর ।



লাল মোরগ

ধনীরাম টোটো

হনুদাস ও মনুদাস দুই প্রতিবেশী। হনুদাসের শখের মোরগ লালঝুটিওয়ালা। পাড়ার মধ্যে ভোর তিনটেয় ডেকে ওঠে— কো-কর-কিয়োঁ-কো-কর-কিয়োঁ। পাড়ার অন্য মোরগগুলিও তখন ডেকে ওঠে— কো-কর-কিয়োঁ। সেই মোরগ একদিন মনুদাসের মুরগিকে জোর করে ধর্ষণ করে। মনুদাস চিৎকার করে ওঠে হা-আ-হা-আ করে। কারণ কিছু নয়। মনুদাসের মুরগি সবেমাত্র ডিম ফুটিয়ে বাচ্চা দিয়েছে। ছানাগুলোর মাত্র দুই মাস হয়েছে, সবেমাত্র অল্প পালক গজিয়েছে। মনুদাস রেগে সোজা এল থানার দারোগাবাবুর কাছে।

দারোগাবাবুর তখন সবে মধ্যাহ্নভোজন করে আরামকেদারায় গা এলিয়ে চোখে ঝিমুনি এসেছিল। এমনিতে চারদিকে করোনা করোনা বলে সবার চিৎকার, প্রশাসনিক হুকুম আজ একটা কাল আরেকটা, কোনটা মেনে যে চলতে হবে তা নিয়ে ভাবতে ভাবতে তাঁর চোখ বুজে এসেছিল। তারই মধ্যে এক গ্রাম্য লোক এসে হট্টগোল পাকিয়েছে।

মনুদাস গলা ছেড়ে একটানা বলে চলেছে— হুজুর আমার দারোগাবাবু, আপনি আমাদের হাকিমও বটে, আপনি আমার একটা ন্যায় বিচার করুন।

দারোগাবাবু ঝিমুনি কাটাতে কাটাতে বললেন— কী হয়েছে তোরা? অমন হাঁকরাচ্ছিস কেন? কী বিচারের এত আবদার? খোলাখুলি বল তো আগে!

মনুদাস বলল— হুজুর, হনুদাসের লাল মোরগ আমার মুরগিকে ধর্ষণ করেছে।

দারোগাবাবু ছিটকে উঠে চোখ রাঙিয়ে বললেন— কী! ধর্ষণ!! কোন হারামজাদা করল? কাকে করল?

মনুদাস উৎসাহ নিয়ে বলল— হনুদাসের লাল মোরগ জোর করে আমার মুরগিকে ধর্ষণ করেছে।

দারোগাবাবু চোখ পাকিয়ে গর্জে উঠলেন— ফাজলামো হচ্ছে? কী আবোলতাবোল কেস নিয়ে থানায় এসেছিস? লকডাউন বলে কি সবার মাথা বিগড়ে গেছে? একে লকডাউনে আমদানি শুকিয়ে গিয়ে পকেট খালি হয়ে এসেছে, তার উপর আবার এই আজব কেস!

মনুদাস ততমত খেয়ে চুপ করে গেল। দারোগাবাবু কিছুটা সামলে উঠে পিছনে ঘাড় ঘুরিয়ে হাঁক পাড়লেন— তড়িৎবাবু, আসুন তো এদিকে!

তড়িৎবাবু এসে হাজির— বলুন দারোগাবাবু, কী করতে হবে আমায় ।
দারোগাবাবু হুকুম দিলেন— এখনই হনুদাসকে ধরে আনুন !
‘ইয়েস স্যার’ বলে পা ঠুকে তড়িৎবাবু তড়িৎবেগে বেরিয়ে গেলেন ।
কিছুক্ষণের মধ্যেই হনুদাসকে ধরে এনে দারোগাবাবুর সামনে খাড়া করে
তড়িৎবাবু সেলাম ঠুকলেন— স্যার, এই হল হনুদাস ।
হনুদাস বলল— হজুর, আমার কী অপরাধ ?
দারোগা বললেন— তোর তো বেশ তেজ দেখছি !
হনুদাস হাত জোড় করে বলল— আমি কোনো দোষ করিনি দারোগাবাবু !
দারোগা খিঁচিয়ে উঠলেন— তুই করিস নি তো তোর মোরগ করেছে । তোর
হারামজাদা লাল মোরগ মনুদাসের মুরগিকে ধর্ষণ করেছে ।
হনুদাস অবাক হয়ে বলল— আমি তো জানিনে হজুর । ভোরে আমি পান্তা
ভাত খেয়ে জমিতে চাষ করতে যাই হজুর । লাল মোরগের আমার খাঁচা থেকে
বেরিয়ে পাড়ায় ঘুরে বেড়ানোর স্বভাব আছে হজুর ।
দারোগাবাবু— তা বলে একি ধর্মের মাঁড়?
হনুদাস বলল— তা নয় বটে ।
দারোগাবাবু খিঁচিয়ে উঠলেন— নয় বটে তো মনুদাসের দুই মাসের বাচ্চার
মায়ের উপর ঝাঁপিয়ে পড়ে ধর্ষণ করে কী করে? মনুদাস লিখিত বয়ান দিয়ে
গেছে । জানি না বলে পার পাওয়া যাবে না ।
হনুদাস— কী করব স্যার, বেঁধে তো রাখতে পারব না, এতদিন তো তার
সহবাসেই পাড়ার সব মুরগির ডিম ফুটে বাচ্চা হয়েছে । এতদিন সবাই তাকে
নিয়ে গর্ব করে বলত হনুদাসের মোরগ সকালে প্রথম ডাক দিলে বাকি সবাই
ডেকে ওঠে । আর আজ কি না মনুদাস তাকেই ধর্ষণের দায় দিয়ে আমায় থানায়
টেনে এনেছে !
দারোগাবাবু খানিকক্ষণ গম্ভীর হয়ে ভেবে বললেন— এই কেস সলভ
করতে তোমার আর মনুদাসের মধ্যে আমায় মধ্যস্থতা করতে হবে ।
মনুদাসকে আবার ডেকে আনা হল । হনুদাস আর মনুদাসকে সামনে বসিয়ে
